# রাজ্য কো-অর্ডিনেশন কমিটি
# কেন্দ্রীয় কমিটি

## ধর্মঘট করার ক্ষেত্রে কর্মচারীদের যে বিষয়গুলি জানা প্রয়োজন :--

**Dies-non :** WBSR, Pt-I এর রুল ৩৪ এ উল্লিখিত লাটিন ওয়ার্ড ‘Dies-non' অর্থ যে দিনের জন্য ‘Dies-non' করা হয় সে দিন not fit for work for that day অর্থাৎ 'Dies-non'- র অর্থ শুধু সেই দিনটা চাকরী জীবনের মোট Qualifying Service থেকে বাদ যাওয়া। Dies-non এর দিনের পূর্বের চাকরীকাল বাদ যাওয়া নয়।
(ধরা যাক, কোন কর্মচারীর মোট চাকরীকাল ৩২ বছর ৪ মাস ৬ দিন। সেক্ষেত্রে, ১ দিনের 'Dies-non' করা হলে মোট চাকরীকাল হবে ৩২ বছর ৪ মাস ৫ দিন)।

ধর্মঘট করার স্বীকৃত অধিকার থাকায় 'Dies-non' (চাকরীজীবন থেকে একদিন বাদ) করা হলে সেই দিনের বেতন কাটা ছাড়া অন্য কোন ব্যবস্থা নেওয়া সম্ভব নয়। সেই কারণেই, ২০১২ সালের ধর্মঘটের সময় অর্থ দপ্তর থেকে প্রকাশিত আদেশনামায় (No. 2013-F(P) dt. 6.3.2012) উল্লেখ করা হয়েছিল - ‘Past service will not be effected...'.
পদোন্নতি, Seniority, Increment ইত্যাদি আর্থিক বা চাকুরীগত অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে 'Dies-non' কোন অন্তরায় নয়।

Promotion with retrospective effect বা MCAS,01 পাওয়ার ক্ষেত্রে একদিন পর থেকে কার্যকরী ঘটবে।
(ধরা যাক, কোন কর্মচারী ১৫ মে ১৯৯৮ তারিখে চাকরিতে যোগদান করেন। তিনি ১৬ বছর চাকরিকাল পূর্ণ করেন ১৪ মে ২০১৪ তারিখে । MCAS,01 অনুযায়ী ১৬ বছর চাকরিকাল পূর্ণ করায় তিনি ১৫ মে ২০১৪ তারিখ থেকে পরবর্তী বেতনক্রমে উন্নিত হতে পারতেন। কিন্তু, ১ দিন Dies-non হওয়ায় ১৬ বছরের benefit ১৫ মে,১৪ এর পরিবর্তে ১৬ মে,১৪ থেকে পাবেন)।

Dies-non করা হলে অবসরকালীন সুযোগ-সুবিধা যেমন, Cash equvalent to Leave Salary, Retiring Gratuity ইত্যাদি পাওয়ার ক্ষেত্রে কোন সমস্যা হবে না।

বেতন কাটা বা Dies-non- এর বিষয় কৃত্যক বইতে Red Ink দিয়ে লিপিবদ্ধ থাকা সত্বেও ধর্মঘটী কর্মচারীদের পদোন্নতি বা পেনশন নির্দিষ্ট সময়েই চালু হয়েছে।
WBSR- এর Duties, Rights and Obligations,1980 (No. 5630-F dt. 4.6.1980) আইনী পরিবর্তন না করে শুধু সার্কুলার দিয়ে ধর্মঘট বে-আইনী করা যায় না।
(বিঃ দ্রঃ ধর্মঘটে অংশগ্রহণ করা জনিত কারণে Show-cause করা বা বেতন কাটা এগুলির জন্য পদোন্নতি আটকে রাখা যায় না)।